

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন


তারিখ: ০৯ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ, ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.১৬.০১৫.২০১৫-২২০ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত উক্ত আইনের অধীন ১২৪(১)(খ) ধারার ক্ষমতাবলে সরকার মোটরযান রেজিস্ট্রেশনের সময় মোটরকার ও জীপ এর মালিকদের পছন্দমতো নম্বরসমূহ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি নির্ধারণ করল:

- (ক) রেজিস্ট্রেশন নম্বরের ছয়টি ডিজিট একই হলে (যেমন: ৫৫-৫৫৫৫, ৬৬-৬৬৬৬ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৬ গুণ হবে। তবে শুধু ৭৭-৭৭৭৭ নম্বরের ক্ষেত্রে ফি হবে প্রচলিত ফি এর ৭ গুণ।
- (খ) রেজিস্ট্রেশন নম্বরের ছয়টি ডিজিট জোড়া জোড়া হলে (যেমন: ৩৪-৩৪৩৪, ৪৫-৪৫৪৫ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৫ গুণ হবে।
- (গ) রেজিস্ট্রেশন নম্বরের চারটি ডিজিট একই হলে (যেমন: ১১১১, ২২২২ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৪ গুণ হবে।
- (ঘ) রেজিস্ট্রেশন নম্বরের চারটি ডিজিট জোড়া জোড়া হলে (যেমন: ১৩১৩, ১৫১৫ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর ৩ গুণ হবে।
- (ঙ) রেজিস্ট্রেশন নম্বরের চারটি ডিজিটের দুটি করে ডিজিট একই হলে (যেমন: ০০১১, ০০২২ নম্বর) রেজিস্ট্রেশন ফি প্রচলিত ফি এর দ্বিগুণ হবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
০৯/০৬/২০২০

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব